

দৈনিক সংবাদ

অধিক 2.3.AUG 1987

পৃষ্ঠা... ৫... ৫...

৬৫ জন্ম ১৩২০ এ

৫

একাদশ শ্রেণীতে ভর্তির
সময়সীমা আরও তিন সপ্তাহ
বন্ধির প্রার্থনা

এ বছরের নাজিরবিহীন
বন্যায় উত্তর বাংলা, তথা সমগ্র
বাংলাদেশের লোক-লোভ-মানুষ
বিপন্ন। বন্যাকবলিত মানুষ মৃত্যুর
সাথে লড়াই করেছে। আশিও
দিনাপূর্বের বন্যাকবলিত অঞ্চ-
লের একজন বাসিন্দা। খুলনায়
ছোট-খাটো চাকরি করি। আমার
এক ভাই এবং এক বোন এ বছর
এস,এস,সি পাস করেছে। আমার
বছরদিনের সব ছিল তাদেরকে
আমার কাছে রেখে খুলনায় কোন
ভাল কলেজে পড়াতে। কিন্তু এখান-
কার অধিকাংশ কলেজের ভর্তি
পরীক্ষা এ মাসে শেষ হয়ে যাচ্ছে।
বর্তমানে আমার বাড়ীর পরিবার-
পরিজন আশ্রয়হীন, সেজন্য আমার
পক্ষে ভর্তির প্রয়োজনীয় টাকা
যোগাড় করা সম্ভব নয়। গেহেতু
নাজিরবিহীন বন্যায় ক্ষতিগ্রস্ত
পরিবারগুলোর ছেলেনেয়েরা যাতে
দেশের ভাল ভাল কলেজে ভর্তি
হওয়ার সুযোগ পায় সেজন্য বিনা
অধিনায় ভর্তির তারিখ আরও
অন্ততঃপক্ষে তিন সপ্তাহ পিছিয়ে
দিতে আমি কত পক্ষের নিকট
বিনীত নিবেদন করছি।

মো: আকবর হোসেন সরকার,
ট টপাড়া, খুলনা।